গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১০০০

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৬.২০৬০ তারিখ: ০৩ মে ২০২৬

মে ২০২৬ এর জন্য ভোক্তাপর্যায়ে এলপিজি'র মূল্য সমন্বয় সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি
(শুধুমাত্র Saudi CP মে ২০২৬ এর ভিত্তিতে)

ভোক্তাপর্যায়ে এলপিজি'র মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণ বিষয়ে রীট পিটিশন নম্বর-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ খ্রিষ্টাব্দ তারিখের আদেশ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) ও ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে স্বার্থসংশ্লিষ্ট পক্ষগণকে শুনানি প্রদানপূর্বক ১২ এপ্রিল ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১ এর মাধ্যমে কমিশন কর্তৃক ভোক্তাপর্যায়ে সরকারি ও বেসরকারি এলপিজি'র মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণ করা হয়। পরবর্তীতে কমিশন কর্তৃক মাসভিত্তিতে Saudi CP এর সাথে সামঞ্জস্য রেখে বেসরকারি এলপিজি'র মূল্যহার সমন্বয় করা হচ্ছে।

(ক) মে ২০২৬ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP যথাক্রমে প্রতি মেট্রিক টন ৭৫০.০০ মার্কিন ডলার এবং ৮০০.০০ মার্কিন ডলার অনুযায়ী গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৭৮২.৫০ মার্কিন ডলার এবং প্রতি মার্কিন ডলারের গড় বিনিময় মূল্য ১২৩.০০ টাকা বিবেচনায় মে ২০২৬ মাসের জন্য বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের ভোক্তাপর্যায়ের মূল্য নিম্নলিখিতভাবে সমন্বয় করা হয়েছে, যথা:-

(i) বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য **প্রতি কেজি ১৬১.৭১ টাকায়** সমন্বয় করা হয়েছে। সে অনুযায়ী রিটেইলার পয়েন্টে **ভোক্তাপর্যায়ে প্রতি ১২ কেজি বোতলজাতকৃত এলপিজি'র মুসকসহ মূল্য ১,৯৪০/- টাকায় অপরিবর্তিত হয়েছে।** এছাড়া ৫.৫, ১২.৫, ১৫, ১৬, ১৮, ২০, ২২, ২৫, ৩০, ৩৩, ৩৫ এবং ৪৫ কেজি বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূল্য সমন্বয় করতঃ আদেশ প্রদান করা হয়েছে;

(ii) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র মূসকসহ মূল্য **প্রতি কেজি ১৫৭.৯৬ টাকায়** বা **রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি লিটার ০.৩৫১০ টাকায় বা প্রতি ঘনমিটার ৩৫১.০০ টাকায়** সমন্বয় করত আদেশ প্রদান করা হয়েছে; এবং

(iii) **ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসকসহ মূল্য প্রতি লিটার ৮৯.৫২ টাকায়** সমন্বয় করত আদেশ প্রদান করা হয়েছে।

(খ) ২৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/০৬ অনুযায়ী সরকারি এলপিজি'র ডিলার/রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্যহার প্রতি ১২.৫০ কেজি ৭৭৬.৯৩ টাকা অপরিবর্তিত থাকবে।

০২। Saudi CP'র ভিত্তিতে ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় সংক্রান্ত কমিশন আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/১৫) ০৩ মে ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে।

০৩। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

০৪। ১০ অক্টোবর ২০২১ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। বেসরকারি এলপিজি'র (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত) ভোক্তাপর্যায়ের সমন্বয়কৃত মূল্য এবং অটোগ্যাসের ভোক্তাপর্যায়ের সমন্বয়কৃত মূল্য সংক্রান্ত বিজ্ঞপ্তি কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ পাওয়া যাবে।

৩/৫/২৬

মোঃ নজরুল ইসলাম সরকার
সচিব, বিইআরসি।
ফোন: ০২-২২৬৬৪০৯০৫